

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
এনআইএস ও এপিএ শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার  
কার্যবিবরণী

সভাপতি : এ বি এম আমিন উল্লাহ নূরী  
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
স্থান : সভাকক্ষ,  
তারিখ : ২৪.০৮.২০২২ খ্রিষ্টাব্দ  
সময় : দুপুর ০২.০০ টা  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি প্রারম্ভিক বক্তব্যে চলতি অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন অগ্রগতি বিগত অর্থবছরের তুলনায় অধিকতর সন্তোষজনক হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এ বিষয়ে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ এপিএ টিম লিডার, এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য পরামর্শ ও নির্দেশনা প্রদান করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (ডিএফডিপি) ও এপিএ টিম লিডার সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

সড়ক ও জনপথ অধিদপ্তর

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	প্রকৃত অর্জন ২০২১-২২	সূচকের মান	অসাধারণ লক্ষ্যমাত্রা (২০০%)	অর্জন	১ম ত্রৈমাসিকে অর্জন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
[১.১] জাতীয় মহাসড়ক ৪+ লেনে উন্নীতকরণ	[১.১.৪] সাপোর্ট টু ঢাকা (কাঁচপুর)- সিলেট- তামাবিল মহাসড়ক চার লেনে উন্নীতকরণ এবং উভয় পার্শ্বে পৃথক সার্ভিস লেন নির্মাণ প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণের জন্য অর্থ প্রদানকৃত	ক্রমপঞ্জীভূত	শতাংশ	৩৯.১৪	১	৬০	৩৯.১৪	-
<b>আলোচনা:</b> উক্ত সূচকে প্রথম ত্রৈমাসিকে কোন অগ্রগতি না থাকার কারণে জানতে চাইলে এপিএ টিম লিডার, সওজ অধিদপ্তর বলেন, ভূমি অধিগ্রহণ ও ইউটিলিটি শিফটিং এর জন্য অধিক সময়ক্ষেপনের কারণে উক্ত সূচকে বাস্তব অগ্রগতি ব্যাহত হচ্ছে। এছাড়াও এ সূচকের বিপরীতে বরাদ্দকৃত অর্থের ২৫% অর্থ ব্লক করার কারণে এক্ষেত্রে প্রথম ত্রৈমাসিকে কোন অগ্রগতি অর্জন করা সম্ভব হয়নি।								
<b>সিদ্ধান্ত:</b> বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপট এবং জাতীয় পরিস্থিতি বিবেচনাপূর্বক উল্লিখিত সূচকের বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা সংশোধনের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে।								
<b>বাস্তবায়নকারী:</b> প্রধান প্রকৌশলী/এপিএ টিম লিডার/ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ অধিদপ্তর।								
[১.২] মহাসড়ক নির্মাণ/পুনঃনির্মাণ	[১.২.১] পুনঃনির্মিত মহাসড়ক	সমষ্টি	কিমি	২৫০	২	২৪৫	১২.৭০	১২.৭০
<b>আলোচনা:</b> উল্লিখিত সূচকে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে আশানুরূপ অগ্রগতি না হওয়ার কারণে জানতে চাইলে এপিএ টিম লিডার, সওজ অধিদপ্তর বলেন, মহাসড়ক নির্মাণ ও মেরামতের জন্য নির্ধারিত রেট শিডিউল সংশোধনের প্রস্তাব এখনও অনুমোদিত না হওয়ায় এ সূচকে উল্লেখজনক অগ্রগতি অর্জিত হয়নি। চলতি অর্থবছরের শেষ প্রান্তিকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে বলে তিনি উল্লেখ করেন।								
<b>সিদ্ধান্ত:</b> উল্লিখিত সূচকে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে।								
<b>বাস্তবায়নকারী:</b> প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)								
[১.৪] মহাসড়ক প্রশস্তকরণ	[১.৪.১] প্রশস্তকরণকৃত মহাসড়ক	সমষ্টি	কিমি	৭৫০	২	৫৮৯	৩৭.৭০	৩৭.৭০
[১.৫] মহাসড়ক সার্ফেসিং	[১.৫.১] সার্ফেসিংকৃত মহাসড়ক	সমষ্টি	কিমি	২০৫০	২	২২৮৫	৭৯.৪৫	৭৯.৪৫
<b>আলোচনা:</b> উল্লিখিত সূচকদ্বয়ের অগ্রগতি সন্তোষজনক না হওয়ার কারণে জানতে চাইলে এপিএ টিম লিডার, সওজ অধিদপ্তর বলেন, সাধারণত অর্থবছরের প্রথমদিকে উক্ত কার্যক্রমসমূহের অগ্রগতি কিছুটা স্লথ থাকে। তাই বর্তমান অগ্রগতি কম হলেও নির্ধারিত সময়ের পূর্বেই অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব বলে তিনি সভায় অবহিত করেন।								
<b>সিদ্ধান্ত:</b> অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকতার সাথে কাজ করতে হবে।								

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	প্রকৃত অর্জন ২০২১-২২	সূচকের মান	অসাধারণ লক্ষ্যমাত্রা (১০০%)	অর্জন	১ম ত্রৈমাসিকে অর্জন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
<b>বাস্তবায়নকারী:</b> প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)								
[৩.৬] ওভারলোড নিয়ন্ত্রণের জন্য এক্সেল-লোড কন্ট্রোল স্টেশন স্থাপন ও পরিচালন	[৩.৬.১] বাস্তবায়িত এক্সেল লোড কন্ট্রোল স্টেশন স্থাপন প্রকল্প	ক্রমপঞ্জিভূত	শতাংশ	২০	১	৬০	২১.৪৯	১.৪৯
<b>আলোচনা:</b> এ সূচকে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন কম হওয়ার কারণ জানতে চাইলে এপিএ টিম লিডার, সওজ অধিদপ্তর বলেন, উল্লিখিত সূচক বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বেশিরভাগ মালামাল বহির্বিষ্ম হতে আমদানি করতে হবে। বর্তমান বৈশ্বিক পরিস্থিতি এবং সাম্প্রতিক ডলারের বিপরীতে টাকার দরপতনের কারণে আমদানি পণ্যের মূল্য বৃদ্ধি পেয়েছে। এছাড়া ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ায় বিলম্বের কারণে এ সূচকে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক অর্জন কম হয়েছে।								
<b>সিদ্ধান্ত:</b> যে সকল এক্সেল লোড কন্ট্রোল স্টেশন স্থাপনে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত প্রতিবন্ধকতা রয়েছে তার তালিকা তৈরীপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রেখে জটিলতা নিরসন করতে হবে। এছাড়াও প্রকল্পের অবকাঠামোগত কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। যে সকল যন্ত্রপাতি বিদেশে আমদানি করতে হবে তার জন্য দ্রুত দরপত্র আহ্বান করতে হবে।								
<b>বাস্তবায়নকারী:</b> প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক, এক্সেল লোড কন্ট্রোল স্টেশন স্থাপন প্রকল্প, সওজ অধিদপ্তর।								

#### ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	অসাধারণ লক্ষ্যমাত্রা (১০০%)	অর্জন	১ম ত্রৈমাসিকে অর্জন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
[২.৩] Mass Rapid Transit (Line-5): Northern Route নির্মাণ	[২.৩.৩] হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়নের জন্য (কন্সট্রাক্ট প্যাকেজ-০১) ঠিকাদার প্রতিষ্ঠান নিয়োগকৃত	তারিখ	তারিখ	২		২০.৬.২০	১৫%	১৫%
<b>আলোচনা:</b> উক্ত সূচকে অগ্রগতির বিষয়ে জানতে চাইলে ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল বলেন, এ সূচকে টেন্ডার দাখিলের শেষ দিবস ৩১ আগস্ট ২০২২ নির্ধারণ করা হয়েছে এবং দরপত্র দাখিলের পর পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। নির্ধারিত সময়ের পূর্বেই অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।								
<b>সিদ্ধান্ত:</b> এ সূচকের বাস্তবায়ন অগ্রগতির ধারাবাহিকতা বজায় রেখে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।								
<b>বাস্তবায়নকারী:</b> ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল ও প্রকল্প পরিচালক, ম্যাস র্যাপিড ট্রানজিট (লাইন-৫) (নর্দান রুট), ডিএমটিসিএল।								

**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	অসাধারণ লক্ষ্যমাত্রা ১০০%	অর্জন	১ম ত্রৈমাসিকে অর্জন	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
[৫.৩] মোটরযান কর ও ফি আদায়	[৫.৩.১] ডিজিটাল পদ্ধতিতে মোটরযান কর ও ফি আদায়ের প্রবৃদ্ধি	গড়	শতাংশ	২		৮	১৪৬ কোটি টাকা আদায় হয়েছে	১৪৬ কোটি টাকা আদায় হয়েছে	২০২১-২২ অর্থবছরের অর্জিত রাজস্ব ১৬৫০ কোটি টাকা বেস ধরে ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা ১৭৮২ কোটি টাকা। গড়ে প্রতিমাসের লক্ষ্যমাত্রা ১৪৮.৫ কোটি টাকা
<p><b>আলোচনা:</b> উল্লিখিত সূচকের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে চেয়ারম্যান, বিআরটিএ বলেন, চলতি অর্থবছরের প্রথম মাসে অর্জন কিছুটা কম হলেও চলতি অর্থবছরের শেষ প্রান্তিকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।</p> <p><b>সিদ্ধান্ত:</b> এ সূচকে লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</p> <p><b>বাস্তবায়নকারী:</b> চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)</p>									

**বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)**

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	অসাধারণ লক্ষ্যমাত্রা ১০০%	অর্জন	১ম ত্রৈমাসিকে অর্জন
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
[৩.৩] ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান	[৩.৩.১] প্রশিক্ষণ প্রদত্ত জনবল	সমষ্টি	সংখ্যা	২	৮০০০	১০০০০	৭৪৭	৭৪৭
<p><b>আলোচনা:</b> এ সূচকে লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক অর্জন কম হওয়ার বিষয়ে জানতে চাইলে চেয়ারম্যান, বিআরটিসি বলেন, জুলাই/২০২২ মাসে কিছুটা কম অগ্রগতি হলেও চলতি অর্থবছরের মধ্যে উক্ত সূচকের বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে।</p> <p><b>সিদ্ধান্ত:</b> সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে উল্লিখিত সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন শতভাগ নিশ্চিত করতে হবে।</p> <p><b>বাস্তবায়নকারী:</b> চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)</p>								

*(Handwritten signature)*

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	অসাধারণ লক্ষ্যমাত্রা ১০০%	অর্জন	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
[২.৬] প্রিপারেশন অব কম্প্রিহেন্সিভ ট্রান্সপোর্ট মাস্টার প্ল্যান ফর নারায়ণগঞ্জ এন্ড গাজীপুর সিটি কর্পোরেশন প্রকল্প বাস্তবায়ন	[২.৬.১] আর এফপি ইস্যুকরণ	তারিখ	তারিখ	১		২৮.০২.২০ ২৩		২০/০৭/২০২২ তারিখে REOI আহবান করা হয়েছে এবং পরবর্তিতে ০৭/০৮/২০২২ তারিখে REOI উন্মুক্তকরণ করা হয়। মূল্যায়ন কার্যক্রম চলমান আছে। যথাসময়ে আর এফপি ইস্যুকরণ সম্ভব হবে।
[৫.১] বাস রুট ব্যাশনলাইজেশন এবং কোম্পানী ভিত্তিক বাস অপারেশন	[৫.১.১] জিআইএস ডাটাবেজ এবং ম্যাপ প্রস্তুতকরণ	তারিখ	তারিখ	১		৩০.০৫.২ ৩		মূল পরামর্শক নিয়োগের প্রক্রিয়া চলমান রয়েছে। কারিগরী মূল্যায়নের লক্ষ্যে ইতিমধ্যে মূল্যায়ন কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে। পরামর্শক নিয়োগ পরবর্তিতে জিআইএস ডাটাবেজ এবং ম্যাপ যথাসময়ে প্রস্তুতকরণ এবং বাস স্ট্রাকচারিং রিপোর্ট যথাসময়ে দাখিলকরণ সম্ভব হবে।
	[৫.১.২] বাস স্ট্রাকচারিং রিপোর্ট দাখিলকরণ	তারিখ	তারিখ	১		৩০.০৫.২ ৩		মূল পরামর্শক নিয়োগের প্রস্তাব ১৮/০৮/২০২২ খ্রিঃ তারিখে মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। পরামর্শক নিয়োগ পরবর্তিতে ট্রান্সপোর্ট স্টাডি খসড়া রিপোর্ট দাখিলকরণ সম্ভব হবে।
[৫.২] ঢাকা আউটার রিং রোডঃ ইন্টার্ন,ওয়েস্টার্ন এন্ড নর্দার্ন পার্ট এর সম্ভাব্যতা যাচাই	[৫.২.১] ট্রান্সপোর্ট স্টাডি খসড়া রিপোর্ট দাখিলকরণ	তারিখ	তারিখ	২		৩১.০৫.২৩		DMTCL এর LCU Server এর সাথে ইন্টিগ্রেশন করার জন্য ডিটিসিএ'র ক্রিয়ারিং হাউজ Server অংশের ডেভেলপমেন্ট ৭৫% সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ডেভেলপমেন্ট অসাধারণ লক্ষ্যমাত্রার তারিখের মধ্যেই সম্পন্ন হবে।
[৫.৬] এক্সট্রিশিমেট অব ক্রিয়ারিং হাউজ ফর ইন্টিগ্রেটিং ট্রান্সপোর্ট টিকেটিং সিস্টেম ইন ঢাকা সিটি এন্ড এড্যাচেন্ট ডিসট্রিক্টস (ফেজ-II) প্রকল্প বাস্তবায়ন	[৫.৬.১] DMTCL এর LCU Server এর সাথে ইন্টিগ্রেশন করার জন্য ডিটিসিএ'র ক্রিয়ারিং হাউজ Server অংশের ডেভেলপমেন্ট সম্পন্নকরণ	তারিখ	তারিখ	১		৩১.১০.২২		

**আলোচনা:** সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে অন্তর্ভুক্ত ডিটিসিএ কর্তৃক বাস্তবায়িত উল্লিখিত সকল সূচক নির্ধারিত লক্ষ্যমাত্রার মধ্যে সম্পন্ন হবে বলে নির্বাহী পরিচালক, ডিটিসিএ সভায় অবহিত করেন।

**সিদ্ধান্ত:** পূর্ববর্তী অর্থবছরের অনুরূপ চলতি অর্থবছরে ডিটিসিএ কর্তৃক বাস্তবায়িত সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে।

**বাস্তবায়নকারী:** নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	অসাধারণ লক্ষ্যমাত্রা ১০০%	অর্জন	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	১২	১৩
[৩.২] প্রশিক্ষণ কার্যক্রম তদারকি	[৩.২.১] প্রশিক্ষণ সেশনসমূহ পরিবীক্ষিত	সমষ্টি	সংখ্যা	২		২০		
<p><b>আলোচনা:</b> এ বিষয়ে এ বিভাগের যুগ্মসচিব (ডিএফডিপি) ও এপিএ টিম লিডার বলেন, গত ০৭.০৮.২০২২ তারিখে এ বিভাগের ০৬ জন কর্মকর্তার সমন্বয়ে বিআরটিএ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শনের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটির সদস্যদের ৩১.০১.২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নির্ধারিত সংখ্যক প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।</p> <p><b>সিদ্ধান্ত:</b> আগামী ৩১.০১.২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বিআরটিএ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ সেশনসমূহ পরিদর্শনপূর্বক আবশ্যিকভাবে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।</p> <p><b>বাস্তবায়নকারী:</b> সদস্য (সকল), বিআরটিএ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ সেশনসমূহ পরিবীক্ষণ টিম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।</p>								
[৪.৩] উন্নয়ন কার্যক্রম তদারকি	[৪.৩.১] মনিটরিং টিমের ডিজিট	সমষ্টি	সংখ্যা	২		৮০	৪	
<p><b>আলোচনা:</b> এ বিভাগের যুগ্মসচিব (ডিএফডিপি) ও এপিএ টিম লিডার বলেন, চলতি তারিখ পর্যন্ত ০৪ টি উন্নয়ন কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে। চলতি অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া প্রয়োজন বলে তিনি সভায় উল্লেখ করেন।</p> <p><b>সিদ্ধান্ত:</b> গত বছরের যে সকল বাস্তবায়নহীন উন্নয়ন প্রকল্পের কার্যক্রম এখনও চলমান রয়েছে তা নিয়মিত পরিদর্শন করতে হবে। অনেক প্রকল্প প্রণয়নের পূর্বে সম্ভাব্যতা সঠিকভাবে যাচাই করা হয়না বিধায় প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হতে হয়। এ সমস্যা দূর করার লক্ষ্যে পরিদর্শনপূর্বক উন্নয়ন কার্যক্রম তদারকি অব্যাহত রাখতে হবে।</p> <p><b>বাস্তবায়নকারী:</b> মনিটরিং টিম প্রধান (সকল), উন্নয়ন কার্যক্রম পরিদর্শনের লক্ষ্যে গঠিত মনিটরিং টিম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।</p>								
[৪.৫] প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা	[৪.৫.১] সমসাময়িক বিষয়ে বিশেষ লার্নিং সেশন আয়োজন	সমষ্টি	সংখ্যা	২		১২	১	চলতি মাসের শেষ সপ্তাহে একটি লার্নিং সেশন আয়োজনের প্রক্রিয়াধীন রয়েছে।
<p><b>আলোচনা:</b> এ বিভাগের যুগ্মসচিব (ডিএফডিপি) ও এপিএ টিম লিডার বলেন, ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার অর্জনের জন্য প্রতি মাসে একটি লার্নিং সেশন আয়োজন করতে হবে। জুলাই/২০২২ মাসে এপিএ প্রমাণক দাখিল সংক্রান্ত কর্মব্যস্ততা থাকায় উল্লিখিত মাসে লার্নিং সেশন আয়োজন করা সম্ভব হয়নি। চলতি মাসে একটি লার্নিং সেশন আয়োজন করা হয়েছে এবং শেষ সপ্তাহে আরও একটি লার্নিং সেশন আয়োজনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। পরবর্তী মাসে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর প্রধান কার্যালয়ে মেট্রোরেল সংক্রান্ত একটি লার্নিং সেশন আয়োজন করার জন্য সভাপতি সভায় নির্দেশনা প্রদান করেন।</p> <p><b>সিদ্ধান্ত:</b> যথাসময়ে লার্নিং সেশনসমূহ আয়োজন করে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।</p> <p><b>বাস্তবায়নকারী:</b> এপিএ টিম লিডার ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।</p>								

২. আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/=  
এ বি এম আমিন উল্লাহ নুরী  
সচিব

নং-৩৫.০০.০০০০.০৪৯.১৬.০০৭.২২-১৩৮

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৯  
০৭ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
২. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, দক্ষিণ নগর ভবন, ঢাকা

৩. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা
৪. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৫. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৪) ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, হাউজ নং-৪, রোড নং-২১, সেক্টরঃ ৪, উত্তরা, ঢাকা- ১২৩০
৭. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯. প্রকল্প পরিচালক, এক্সেল লোড কন্ট্রোল স্টেশন স্থাপন প্রকল্প, সওজ অধিদপ্তর
১০. প্রকল্প পরিচালক, ম্যাস র‍্যাপিড ট্রানজিট (লাইন-৫) (নর্দান রুট), ডিএমটিসিএল
১১. এপিএ টিম লিডার/ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ অধিদপ্তর/ডিটিসিএ/বিআরটিসি/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
১৩. উপসচিব (জিএফডিপি-ইস্ট/বিআরটিএ/টোল ও এক্সেল/আইন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৫. সিনিয়র সহকারী সচিব (কার্যক্রম ও এডিপি/মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬. সহকারী সচিব (বিআরটিসি/তদন্ত ও শৃঙ্খলা/বিআরটিএ/এমআরটি)
১৭. অফিস কপি।

সিনিয়র সিস্টেম এনালিস্ট

সিস্টেম এনালিস্ট/ সিনিয়র মোবাইল

প্রোগ্রামার

সাইনটেন্যান্স ইঞ্জিনিয়ার

সংসং: ই-১/ সংসং: ই-২

নথি

ডায়েরি নং: ১৪১

তারিখ: ১৪/০৯/১১

১১/৯/১১

টিনা পাল

সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৪৬৩২১

ই-মেইল : tinapaul16952@gmail.com